

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩৮ কলাম ... ..

## টা. বি শিক্ষক সমিতি নীল ও সাদা দলের প্রার্থী তালিকা চূড়ান্ত গোলাপি নির্বাচন করছে না

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : আগামী ১১ই ডিসেম্বর অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনকে ঘিরে শিক্ষক রাজনীতি এখন জমে উঠেছে। এবারের নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত নীল দল এবং বিএনপি ও জামাত সমর্থিত সাদা দল প্রতিদ্বন্দ্বিতা করছে। নিরপেক্ষতার দাবিদার গোলাপি দল এবার নির্বাচনে অংশ নিচ্ছে না। নীল ও সাদা উভয় দলই তাদের প্রার্থী চূড়ান্ত করে প্রচারণায় নেমেছে।

নীল দলের প্রার্থীদের মধ্যে সভাপতি পদে অধ্যাপক নওশের আলী, সাধারণ সম্পাদক পদে শরীফুল্লাহ হুইয়া এবং সাদা দলের সভাপতি পদে অধ্যাপক ইউসুফ হায়দার এবং সাধারণ সম্পাদক পদে অধ্যাপক মোসলেহ উদ্দিন তারেক প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনে উভয়দলের মধ্যে হাজড়াহাড্ডি লড়াই হবে। নীল দলের শিক্ষকরা সকল গ্রন্থপিং-বিভেদ ভুলে দলীয় প্রার্থীদের পক্ষে প্রচারণা শুরু করেছেন। সাদা দলও সরকার ক্ষমতায় থাকায় শিক্ষকদের বিভিন্ন উন্নয়নের প্রতিশ্রুতি দিয়ে শিক্ষকদের মন কাড়ার চেষ্টা করছে। গোলাপি দল নির্বাচনে কেন অংশ নিচ্ছে না— এ প্রশ্নের জবাবে গোলাপি দলের আহ্বায়ক অধ্যাপক আবু জাফর বলেন, কৌশলগত কারণে আমরা নির্বাচনে অংশ নিচ্ছি না। এর বেশি তিনি মন্তব্য করতে চাননি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতি সম্পর্কে ইংরেজি বিভাগের অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম বলেন, আমাদের শিক্ষকদের নির্বাচন ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের চেয়েও নিম্নমানের।

১৫টি পদের এই নির্বাচন ১১ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এবারের ভোটার সংখ্যা সাড়ে ১১শ'র মতো।